দৈনিক বাংলা

তারিখ 22 SEP 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# চট্টগ্রাম ভার্সিটিতে সংঘর্ষে ছাত্রদল নেতাসহ আহত ২৫

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম, ২১ সেপ্টেম্বর।—মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্র শিবির ও ছাত্রঐক্য কর্মীদের মধ্যে সংঘর্ষে ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম হিলালীসহ ২৫ জন আহত হয়েছেন। ছাত্রদল নেতাকে ছুরিকাঘাত করা হয়। এ ঘটনার পর শিবির ছাড়া অন্যান্য সংগঠনের কর্মীরা নিরাপত্তার ভয়ে আবাসিক হল ছেড়ে চলে গেছে। সর্বদলীয় ছাত্রঐক্য বুধবার বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ (ম–ই) আজ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয় রেলস্টেশন চত্বরে প্রতিবাদ সমাবেশের কর্মসূচী ঘোষণার পর সকালে ছাত্রশিবির উক্ত স্থানে একই সময়ে সমাবেশের কর্মসূচী ঘোষণা করে। এতে সাধারণ ছাত্রদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ক্যাম্পাস পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য দুই সংগঠনের নেতৃবৃন্দের সাথে আলোচনা করেন। আলোচনা মোতাবেক শিবিরের দাবীর মুখে ছাত্রলীগ শিবিরের পর প্রতিবাদ সমাবেশ করার জন্য রাজী হয়। দুপুর ১২টায় ছাত্রশিবির প্রতিবাদ সমাবেশ শেষে মিছিল নিয়ে চলে যাবার পর ছাত্রলীগ (ম–ই) সমাবেশ শুরু করার কয়েক মিনিটের মধ্যে শিবিরের মিছিল থেকে সমাবেশের উপর হামলা চালানো হয়। ছাত্রশিবিরের আকস্মিক হামলায় বিশ্ববিদ্যালয় রেলস্টেশন চত্বরে কর্তব্যরত পুলিশ হতভম্ব হয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীরা জানায়, শিবির কর্মীরা পুলিশের সামনে প্রকাশ্যে অস্ত্র উঁচিয়ে হামলা চালায়। ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ

( ৫-এর পৃঃ দ্রঃ )

( প্রথম পৃঃ পর )

## চট্টগ্রাম ভার্সিটিতে সংঘর্ষে ছাত্রদল নেতাসহ আহত ২৫

সম্পাদক ক্যাম্পাসের একটি হোটেল থেকে নাস্তা করে বের হবার সঙ্গে সঙ্গে তাকে ছুরিকাঘাত করা হয়। গুরুতর আহত অবস্থায় ছাত্রদল নেতাকে হাসপাতালে আনার জন্য বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে এম্বুলেন্স বের হবার চেষ্টা করলে স্টেশন চত্বরের প্রধান ফটক বন্ধ করে দেয়া হয়। পরে ছাত্রদল কর্মীরা আহত হিলালীকে চট্টগ্রাম মেডিক্যাল হাসপাতালে আনার জন্য ট্যাক্সিতে তোলার পর তাকে ট্যাক্সি থেকে নামিয়ে দেয়া হয়। এতে ছাত্রদল কর্মীরা ক্ষিপ্ত হয়ে ওঠে। পরে বিশ্ববিদ্যালয়মুখী ভাইস চ্যান্সেলরের গাড়িতে করে চট্টগ্রাম শহরের হলিক্রিসেন্ট হাসপাতালে ভর্তি করা হয়। সর্বদলীয় ছাত্রঐক্য কর্মীরা ১নং সড়কে বেশ কিছু যানবাহন ভাংচুর করে।

জানা গেছে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হলগুলোতে শিবির কর্মীরা নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে অবস্থান গ্রহণ করেছে। সাধারণ ছাত্ররা হল ছেড়ে চলে গেছে। চট্টগ্রাম নগর ছাত্রদল রফিকুল ইসলাম হিলালীকে ছুরিকাহত করার প্রতিবাদে আজ সন্ধ্যায় প্রতিবাদ সমাবেশ ও মিছিল বের করে। আবু সুফিয়ানের সভাপতিত্বে তৈমুর আহমদ নাজিমুর রহমান, মোহাম্মদ আলী, বি এম রাশেদ প্রমুখ বক্তৃতা করেন। এছাড়া ছাত্রশিবিরের অব্যাহত সন্ত্রাস, ছাত্রদল কর্মীদের উপর হামলার প্রতিবাদে চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন এলাকায় ছাত্রদলের উদ্যোগে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। ছাত্রলীগ (ম–ই), গণতান্ত্রিক ছাত্রঐক্য, ছাত্রমৈত্রী, ছাত্র ফেডারেশন বিশ্ববিদ্যালয় ও মহানগরী শাখা পৃথক পৃথক বিবৃতিতে বিনা উস্কানিতে শিবিরের হামলার নিন্দা ও শাস্তি দাবী করেন।